

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০৭

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ২৪. লি'আনকারীণী স্ত্রী'র পুত্রের মীরাছ সম্পর্কে

باب فِي مِيرَاثِ ابْنِ الْمُلاعَنَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي بُكَيْرٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ طَهْمَانَ عَنْ سِمَاكِ بُنِ حَرْبٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ قَوْمًا اخْتَصَمُوا إِلَى عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ فِي وَلَدِ الْمُتَلَاعِنَيْنِ فَجَاءَ عَصَبَةُ أَبِيهِ يَطْلُبُونَ مِيرَاثَهُ فَقَالَ إِنَّ أَبَاهُ كَانَ تَبَرَّأَ مِنْهُ فَلَيْسَ لَكُمْ مِنْ مِيرَاثِهِ شَيْءٌ فَقَضَى بِمِيرَاثِهِ لِأُمِّهِ وَجَعَلَهَا عَصَبَتَهُ مِيرَاثِهِ شَيْءٌ فَقَضَى بِمِيرَاثِهِ لِأُمِّهِ وَجَعَلَهَا عَصَبَتَهُ

বাংলা

৩০০৭. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, কিছু লোক লি'আনকারীণী স্ত্রীলোকের সন্তানের উত্তরাধিকার নিয়ে বিরোধ করে ফায়সালার জন্য আলী রাদ্বিয়াল্লাহু আনহু'র নিকট এলো। এমতাবস্থায় তার পিতার আসাবাহ' (নিকট আত্মীয়গণ) ও এসে তার মীরাছ দাবী করলো। তখন তিনি বললেন: তার পিতা তো তার থেকে দায়মুক্ত। ফলে তার সম্পদে তোমাদের কোনই অংশ নেই। ফলে তিনি ফায়সালা করলেন যে, তার মা-ই তার মীরাছ পাবে, তিনি তার মাকে তার আসাবাহ নির্ধারণ করলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ্, ইকরিমাহ হতে সিমাক এর বর্ণনায় 'ইযতিরাব' (বিক্ষিপ্ততা) রয়েছে।

তাখরীজ: বাইহাকী, ফারাইয ৬/২৫৮।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন